

পর্যটন কর্পোরেশনের হোটেল-মোটেল রিজার্ভেশনের জন্য আসছে মোবাইল অ্যাপ

- A Monitor Desk Report

Date: 08 September, 2021



ঢাকাঃ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী এমপি বলেছেন, পর্যটন কর্পোরেশনের হোটেল-মোটেল রিজার্ভেশনের সেবা ওয়েবসাইটের পাশাপাশি মোবাইল অ্যাপের মাধ্যমেও চালু করা হবে। আগামী এক মাসের মধ্যেই গ্রাহকগণ মোবাইলে ব্যবহার করে এই সেবা গ্রহণ করতে পারবেন।

পহেলা সেপ্টেম্বর সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের হোটেল-মোটেল অনলাইন বুকিং সম্পর্কিত সেবা চালুর উদ্বোধন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, প্রতিষ্ঠার পর থেকে সময়ের সাথে সাথে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের পরিচালন ও সেবা প্রদানের আঙ্গিকে নানা পরিবর্তন এসেছে, চাহিদার প্রেক্ষিতে এর সেবা আধুনিকায়ন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে আজ বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর হোটেল-মোটেল সমূহের অনলাইন বুকিং সিস্টেম উদ্বোধন করা হচ্ছে।

প্রতিমন্ত্রী বলেন, পর্যটক বান্ধব এই সফটওয়্যারটি ব্যবহার করে বিশ্বের যে কোন প্রান্ত থেকে পর্যটকগণ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের হোটেল-মোটেল সমূহের রুম বুকিং প্রদান এবং ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট করতে পারবেন। সফটওয়্যারটি ব্যবহারের ফলে পর্যটন কর্পোরেশনের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা উন্নত হবে এবং একই সাথে এর প্রতিটি হোটেল-মোটেলের মনিটরিং ব্যবস্থা জোরদার হওয়ায় সঠিক জবাবদিহিতা নিশ্চিত করা সহজ হবে। গ্রাহকদের ফিডব্যাক দেয়ার সুযোগ থাকবে বিষয় সেবা সম্পর্কিত আপত্তি নিরসনের সুযোগ পাওয়া যাবে।

মাহবুব আলী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বাংলাদেশের পর্যটন শিল্পের বিকাশ ও উন্নয়নে আন্তরিকভাবে কাজ করছে। এরই অংশ হিসেবে জাতির পিতার হাতে গড়া বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের অবকাঠামোগত এবং পরিচালন উন্নয়ন ও সংস্কার কার্যক্রম চলমান রয়েছে। প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও ঐকান্তিক ইচ্ছায় বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ঢাকার শেরেবাংলা নগরে নিজস্ব মালিকানাধীন অত্যাধুনিক পর্যটন ভবন পেয়েছে। ঢাকার তেজগাঁওয়ে অবস্থিত হোটেল অবকাশ এবং ন্যাশনাল হোটেল ও ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউশনের সংস্কার কার্যক্রম প্রায় সমাপ্তির পথে। এছাড়াও চট্টগ্রামের পারকি, বাগেরহাট, গাজীপুরের শালনা, সিরাজগঞ্জের কাজীপুর, সিলেটের লালাখাল, কুমিল্লা, নাটোর,নেত্রকোনার বিজয়পুর, শেরপুরের গজনী ও নারায়ণগঞ্জের বারদিতে পর্যটন সুবিধা প্রদানের

জন্য বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের অধীনে হোটেল-মোটেল ও রেস্টোরাঁ নির্মাণের কাজ চলমান রয়েছে।

বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের চেয়ারম্যান মোঃ হান্নান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মোঃ মোকাম্মেল হোসেন। এছাড়াও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ও বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।